



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

প্রেস-রিলিজ

তারিখ: ০১.১১.২০১৭ খ্রি:

বরিশাল বিশ্ববিদ্যালয় উপাচার্যের অভিনন্দন বার্তা

স্বাধীন বাংলাদেশের স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৭ মার্চের ভাষণকে ঐতিহাসিক দলিল হিসেবে জাতিসংঘের শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতি সংস্থা ইউনেসকো স্বীকৃতি দেয়ায় এবং সংস্থাটির মেমোরি অব দ্য ওয়ার্ল্ড ইন্টারন্যাশনাল রেজিস্ট্রারে অন্তর্ভুক্ত করায় ইউনেসকোকে অভিনন্দন জানিয়েছেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বিশিষ্ট মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞানী প্রফেসর ড. এস এম ইমামুল হক। অভিনন্দন বার্তায় উপাচার্য মহোদয় বলেন, ইউনেসকোর এ স্বীকৃতির মাধ্যমে বাঙালির সুদীর্ঘ কালের একটি দাবি বাস্তবে রূপ লাভ করেছে। তিনি বলেন, বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ মার্চের ভাষণ কোন সাধারণ ভাষণ ছিলো না, এটি ছিলো পৃথিবী শ্রেষ্ঠ ভাষণ গুলোর মধ্যে একটি। যার মধ্যে বাঙালির মুক্তির স্পৃহা নিহিত ছিলো। আজকের এই দিনে আমি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে গভীর শ্রদ্ধাভরে স্মরণ করছি এবং একইসাথে ১৭ কোটি বাঙালির সাথে আমি আনন্দিত ও উৎফুল্লবোধ করছি, কেননা এই স্বীকৃতি সমগ্র দেশ ও জাতির। এ স্বীকৃতি আমাদের আগামী দিনে পথচলার প্রেরণা। আর আমরা একে বুকে ধারণ করে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে সচেষ্ট হব।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রুমি
উপ-পরিচালক (চলতি দায়িত্ব)
জনসংযোগ অফিস